

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালামের পর সাহু সাজদাকারী ব্যক্তির জন্য জরুরী হলো তাশাহ্ছদ পাঠ করা তারপর দ্বিতীয়বার সালাম ফেরানো

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ السَّاجِدَ سَجْدَتَيِ السَّهْوِ بَعْدَ السَّلَامِ عَلَيْهِ أَنْ يَتَشَهَّدَ ثُمَّ يُسَلِّمُ ثَانِيًا

## আরবী

2661 ـ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ وَعَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ قَالَا: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَالِدٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمُهَلَّبِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ: أَنَّ رَسُولَ أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَالِدٍ عَنْ أَبِي قِلَاثٍ رَكَعَاتٍ مِنَ الْعَصْرِ فَقَالَ لَهُ الْخِرْبَاقُ: يَا رَسُولَ اللَّهِ أَنسِيتَ أَمْ قُصِرَتِ الصَّلَاةُ؟ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَصندَقَ الْخِرْبَاقُ) فَقَالُوا: نَعَمْ فَقَامَ فَصنَلَّى رَكْعَةً ثم سجد سجدتين ثم سلم الراوي : عِمْرَان بْن حُصنيْنٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1266 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1266 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود))

## বাংলা

২৬৬১. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আসরের সালাতে তিন রাকা আতে সালাম ফেরান। তখন খিরবাক রাদ্বিয়াল্লাহু আনহু তাঁকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কি ভুলে গিয়েছেন নাকি সালাত কমিয়ে দেওয়া হয়েছে?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "খিরবাক কি সঠিক বলেছে?" সাহাবীগণ বলেন, "জ্বী, হ্যাঁ।" তখন তিনি দাঁড়ান অতঃপর এক রাকা আত সালাত আদায় করেন তারপর দুটি সাজদা করেন অতঃপর সালাম ফেরান।"[1]

## ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ১/৪১৯; হুমাইদী: ৯৬; সহীহুল বুখারী: ৬৬৭১; সহীহ মুসলিম: ৫৭২; ইবনু মাজাহ: ১২১১; সহীহ ইবনু খুযাইমাহ: ১০২৮; আবূ আওয়ানা: ২/২০১-২০২; সুনান বাইহাকী: ২/১৪-১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন